



রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-০৫.৪৪.১৮০০.০০০.১০৪.৪১.০০০৯.২৬-৭২৬

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩
০১ সেপ্টেম্বর ২০২৬

“সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬” এর আলোকে এবং কৃষি মন্ত্রণালয়, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগ এর রাষ্ট্রের জরুরি প্রয়োজনে জারিকৃত পরিপত্রের স্মারক নং-১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১, তারিখ: ২৭/০৮/২০২৬ খ্রি. মোতাবেক চুয়াডাঙ্গা জেলার ৪ টি উপজেলার নিম্নরূপ ছকে উল্লিখিত ইউনিয়ন ও পৌরসভায় ০১ (এক) জন করে মোট ৪৫ (পয়তাল্লিশ) জন সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে-

ক্রম	উপজেলার নাম	ইউনিয়ন সংখ্যা	পৌরসভার সংখ্যা	মোট	ইউনিয়নের নাম	পৌরসভার নাম
০১	চুয়াডাঙ্গা সদর	১০	০১	১১	আলুকদিয়া, বেগমপুর, কুতুবপুর, মোমিনপুর, পদ্মবিলা, শংকরচন্দ্র, তিতুদহ, গড়াইটুপি, মাখালডাঙ্গা ও নেহালপুর।	চুয়াডাঙ্গা
০২	আলমডাঙ্গা	১৫	০১	১৬	ভাংবাড়ীয়া, হারদী, কুমারী, বাড়াদী, গাংনী, খাদিমপুর, জেহালা, বেলগাছি, ডাউকী, জামজামী, নাগদাহ, খাসকররা, কালিদাসপুর, চিংলা ও আইলহীস।	আলমডাঙ্গা
০৩	দামুড়হদা	০৮	০১	০৯	জুড়ানপুর, নতিপোতা, কার্পাসডাঙ্গা, কুড়ুলগাছি, পারকৃষ্ণপুর মদনা, হাউলী, দামুড়হদা ও নাটুদহ।	দর্শনা
০৪	জীবননগর	০৮	০১	০৯	উথলী, আন্দুলবাড়ীয়া, বীকা, সীমান্ত, হাসাদাহ, রায়পুর, মনোহরপুর ও কেডিকে।	জীবননগর
মোট		৪১	০৪	৪৫		

(ক) শর্তাবলী:

১. সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন ফরম সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা কৃষি অফিসারের কার্যালয় এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা এর ওয়েবসাইট www.dae.chuadanga.gov.bd ও কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moa.gov.bd থেকে সংগ্রহ/ডাউনলোড করা যাবে।

২. আবেদনকারীদের অবশ্যই নির্ধারিত ডিলার ইউনিটের বিপরীতে ২০২৬ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে। ডিলার ইউনিটের তালিকা স্ব-স্ব উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা কৃষি অফিসারের কার্যালয় হতে এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, চুয়াডাঙ্গা এর ওয়েবসাইট (www.dae.chuadanga.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

(খ) আবেদনকারীর যোগ্যতা:

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে। এর প্রমাণক হিসাবে নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
২. সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে খাদ্যের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদামজাত করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;
৩. বস্তাবন্দী সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যা সীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ০৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে এবং
৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(গ) আবেদনকারীর অযোগ্যতা:

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে অথবা ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্তির (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোন বিধিবিধি সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা একই খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

(ঘ) প্রয়োজনীয় কাগজপত্র:

১. নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়কপত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে;
২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে;
 - ১) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;
 - ২) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;
 - ৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
 - ৪) দোকান ও গুদাম পরিমাপের বর্ণনাসহ মালিকানা দলিলের/ভাড়ার চুক্তিনামার কপি;
 - ৫) আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
 - ৬) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা;
 - ৭) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ এবং
 - ৮) ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে।

আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে অর্ডার/ডিম্যান্ড ড্রাফট এবং আর্নেস্ট মানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিডি (ফেরতযোগ্য) মারফত সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, চুয়াডাঙ্গা বরাবর জমা দিতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্ট মানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিডি বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্ট মানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিডি ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্ট মানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে। চূড়ান্ত নির্বাচিত ডিলারগণ ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তি করবেন। নির্বাচনের ১০ দিনের মধ্যে জামানত বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, চুয়াডাঙ্গা বরাবর পে-অর্ডার/ডিডি মারফত জমা দিতে হবে। অন্যথায়, আবেদন বাতিল হবে।

আবেদন দাখিলের শেষ তারিখ ও সময়: ১০ সেপ্টেম্বর ২০২৬ বিকাল ০৪.০০ ঘটিকা।

আবেদন দাখিলের স্থান: উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা/সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, চুয়াডাঙ্গা।

কর্তৃপক্ষ কোনো কারণ বর্ণনা ব্যতিরেকে যে কোনো সময় সার ডিলার নিয়োগ সংক্রান্ত কার্যক্রম স্থগিত/বন্ধ করার ক্ষমতা সংরক্ষণ করে।


(লুৎফুন নাহার)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
চুয়াডাঙ্গা

স্মারক নং- ১২.০১.১৮০০.০৩৯.০০.০০৩.২৬-১২২৩(২৩)

তারিখ: ০১/০৯/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জনাব মো: মাসুদ পারভেজ, মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-০১ (সদয় অবগতির জন্য)।
- ০২। জনাব মো: রুহুল আমিন, মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-০২ (সদয় অবগতির জন্য)।
- ০৩। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
- ০৪। সিও, ০৬, বিজিবি, চুয়াডাঙ্গা।
- ০৫। জেলা প্রাণিসম্পদ অফিসার, চুয়াডাঙ্গা।
- ০৬। জেলা মৎস্য অফিসার, চুয়াডাঙ্গা।
- ০৭। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কুষ্টিয়া।
- ০৮। যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, কুষ্টিয়া।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চুয়াডাঙ্গা।
- ১০। উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, চুয়াডাঙ্গা।
- ১১। উপজেলা কৃষি অফিসার (সকল), চুয়াডাঙ্গা।
- ১২। জেলা আইসিটি অফিসার, চুয়াডাঙ্গা (গণবিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারের অনুরোধসহ)।
- ১৩। বাফার গুদাম ইনচার্জ, কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ১৪। সভাপতি, চুয়াডাঙ্গা প্রেস ক্লাব, চুয়াডাঙ্গা।
- ১৫। সভাপতি, জেলা প্রেস ক্লাব, চুয়াডাঙ্গা।
- ১৬। সভাপতি/সম্পাদক, বিএফএ, চুয়াডাঙ্গা।
- ১৭। সম্পাদক/প্রকাশক, আপনার বহল প্রচারিত “.....” পত্রিকায় নির্ধারিত মাপ অনুযায়ী প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


(মো: মাসুদুর রহমান সরকার)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
চুয়াডাঙ্গা।
০১/০৯/২৬